

া সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৬]

৬/ হায়য (كتاب الحيض)

পরিচেছদঃ ২১৭। হায়যের গোসলের সময় চুল আঁচড়ানো

باب امْتِشَاطِ الْمَرْأَةِ عِنْدَ غُسْلِهَا مِنَ الْمَحِيضِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا إِبْرَاهِيمُ، حَدَّثَنَا ابْنُ شِهَابٍ، عَنْ عُرْوَةَ، أَنَّ عَائِشَةَ، قَالَتْ أَهْلَلْتُ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي حَجَّةِ الْوَدَاعِ، فَكُنْتُ مِمَّنْ تَمَتَّعَ، وَلَمْ يَسُقِ الْهَدْى، فَزَعَمَتْ أَنَّهَا حَاضَت ، وَلَمْ تَطْهُرْ حَتَّى دَخَلَت لَيْلَةُ عَرَفَةَ فَقَالَت يَا وَلَمْ يَسُولَ اللَّهِ، هَذِهِ لَيْلَةُ عَرَفَةَ، وَإِنَّمَا كُنْتُ تَمَتَّعْتُ بِعُمْرَةٍ. فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " انْقُضِي رَأْسَك، وَامْتَشِطِي، وَأَمْسِكِي عَنْ عُمْرَتِك ". فَفَعَلْتُ، فَلَمَّا قَضَيْتُ الْحَصْبَةِ فَأَعْمَرَنِي مِنَ التَّنْعِيمِ مَكَانَ عُمْرَتِي الَّتِي نَسَكْتُ. الْحَصْبَةِ فَأَعْمَرَنِي مِنَ التَّنْعِيمِ مَكَانَ عُمْرَتِي الَّتِي نَسَكْتُ.

বাংলা

৩১০। মূসা ইবনু ঈসমাঈল (রহঃ) আয়িশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বিদায় হাজের ইহরাম বেঁধেছিলাম। আমিও তাদেরই একজন ছিলাম যারা তামাতু'র (একই সফরে হাজে ও উমরা করা) নিয়্রত করেছিল এবং কুরবানীর পশু নেয়নি। তিনি বলেনঃ তাঁর হায়ায় শুরু হয় আর আরফা-এর রাত পর্যন্ত তিনি পাক হন নি। আয়িশা (রাঃ) বলেনঃ আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আজ তো আরাফার রাত, আর আমি হাজের সঙ্গে উমরারও নিয়্রত করেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ মাথার বেণী খুলে ফেল, চুল আঁচড়াও আর উমরা থেকে বিরত থাক। আমি তা-ই করলাম। হাজ্জ (হজ্জ) সমাধা করার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম 'আবদুর রহমান (রাঃ)-কে 'হাসবায়' অবস্থানের রাতে (আমাকে উমরা করানোর) নির্দেশ দিলেন। তিনি তান'ঈম থেকে আমাকে উমরা করালেন, যেখান থেকে আমি উমরার ইহরাম বেঁধেছিলাম।

English

Narrated 'Aisha: In the last Hajj of Allah's Apostle I assume the Ihram for Hajj along with Allah Apostle. I was one of those who intended Tamattu' (to perform Hajj an 'Umra) and did not take the Hadi (animal for sacrifice) with



me. I got my menses and was not clean till the night of 'Arafa I said, "O Allah's Apostle! It is the night of the day of 'Arafat and I intended to perform the Hajj Tamattu' with 'Umra Allah's Apostle told me to undo my hair and comb it and to postpone the 'Umra. I did the same and completed the Hajj. On the night of Al-Hasba (i.e. place outside Mecca where the pilgrims go after finishing all the ceremonies Hajj at Mina) he (the Prophet ordered 'Abdur Rahman ('Aisha's brother) to take me to At-Tan'im to assume the Ihram for'Umra in lieu of that of Hajj-atTamattu' which I had intended to perform.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন